মেহেরপুরে গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে দবির আলী নামের এক মাদক ব্যবসায়ীকে ১শ গ্রাম গাঁজাসহ আটক করেছে ডিবি পুলিশ। শুক্রবার বিকালে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার শ্যামপুর এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক দবির আলী গাংনী উপজেলার নওয়াপাড়া নবীনপুর গ্রামের মৃত আব্দুল জলিল এর ছেলে।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, আটক দবির আলী বিরুদ্ধে নিয়মিত মামলা রুজু করা হয়েছে। এছাড়াও দবির আলী বিরুদ্ধে আরও দুইটি মাদকের মামলা বিচারাধীন রয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে পৃথক অভিযানে ফেন্সিডিল ও ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে পৃথক অভিযান চালিয়ে ফেন্সিডিল ও ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে সদর থানা পুলিশ।

শুক্রবার বিকালে এ এস আই সেলিমের নেতৃত্বে অভিযান চালিনো হয় সদর উপজেলার দক্ষিণ শাকিলা গ্রামে। এসময় ৪ বোতল ফেন্সিডিলসহ মিন্টু নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটক মিন্টু একই গ্রামের মসজিদ পাড়ার আসাদুল গাজীর ছেলে।

অপরদিকে একইদিনে সদর উপজেলার গেভিপুর গ্রাম থেকে ৫ পিচ ইয়াবাসহ পলাশ নামের আরেক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। সদর থানা পুলিশের এস আই আব্দুল লতিফের নেতৃত্বে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

আটক পলাশ সদর উপজেলার আমঝুপি গ্রামের মৃত জাফর আলীর ছেলে।

মেপ্র/এমএফআর

দর্শনা থেকে ২৪ বোতল ফেন্সিডিল উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনা থানার জয়নগর মাঠে অভিযান চালিয়ে ৩৪ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে বিজিবি।

গতকাল শনিবার ভোর ৪টার দিকে দর্শনা বিওপির টহল কমান্ডার নায়েক মো: আব্দুর রাজ্জাক সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন।

উদ্ধারকৃত ফেন্সিডিলের মুল্য আনুমানিক ১৪ হাজার টাকা। পরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জমা করা হয়েছে।

আলমডাঙ্গায় গাঁজার গাছসহ গাঁজা চাষী আটক

আলমডাঙ্গার এনায়েতপুর বাড়াদি গ্রাম থেকে ৭ ফুট উচ্চতার ৬ টি গাঁজার গাছসহ নুর আলী নামের এক গাঁজা চাষিকে আটক করেছে পুলিশ। গতকাল শনিবার (৪ জুলাই) নুর আলীকে তার বাড়ি থেকে আটক কার হয়।

নুর আলী আলমডাঙ্গার এনায়েতপুর বাড়াদি গ্রামের ফজলেক আলী মন্ডলের ছেলে। তার নামে থানায় মাদক নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করা হয়েছে।

থানার এসআই আব্দুল্লাহ আল মামুন বলেন, আটক নুর আলী তার জমিতে অন্য ফসলের আড়ালে গাঁজার চাষ করে আসছিল। খবর পেয়ে তার জমিতে

অভিযান পরিচালনা করা হয়।

এ সময় ৬ টি ৭ ফুট উচ্চতার গাঁজার গাছসহ নুর আলীকে আটক কার হয়। তার নামে মামলা দায়ের হয়েছে।

কুষ্টিয়ার দৌলতপুরে ফেন্সিডিলসহ দুই মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ার দৌলতপুরে ৪৭ বোতল ভারতীয় আমদানী নিষিদ্ধ ফেন্সিডিল সহ মো: শিমুল (৩৬) ও মো: সামিরুল ইসলাম (৩৪) নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

গতকাল শনিবার সকালে দৌলতপুর থানার অফিসার ইনচার্জ এস,এম আরিফুর রহমান এর নির্দেশে মশাউড়া মন্ডলপাড়া এলাকা থেকে তাদের আটক করা হয়। এসময় তাদের কাছে থাকা ৪৭ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।আটককৃত মোঃ শিমুল দৌলতপুর উপজেলার মশাউড়া
এলাকার আজিমুদ্দিনের স্ত্রী ও মোঃ সামিরুল ইসলাম একই উপজেলার গরুড়া এলাকার মৃত রেজাউল সরদারের ছেলে।

দৌলতপুর থানার অফিসার ইনচার্জ এস,এম আরিফুর রহমান জানান, মাদক ব্যবসায়ীদের মধ্যে কেনাবেচা হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সকালে এসআই মোঃ আব্দুল জব্বার সরকার সঙ্গীয় অফিসার ও ফোর্স নিয়ে মশাউড়া মন্ডলপাড়া এলাকায় অভিযান চালান। এসময় তাদের দুজনকে ফেনসিডিল সহ আটক করা হয়। এ ব্যাপারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণে মামলা দায়ের করা হয়েছে।

কুষ্টিয়ায় গাঁজাসহ যুবক আটক

কুষ্টিয়ার কুমারখালীতে দুই কেজি গাঁজাসহ জিয়াউর রহমান (৩৬) নামে এক যুবককে আটক করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)। গতকাল বুধবার বিকেলে উপজেলার শালঘরমধুয়া পশ্চিমপাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক জিয়াউর রহমান ওই এলাকার বাসিন্দা।

গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য নিশ্চিত করে র্যাব-১২ কুষ্টিয়ার ভারপ্রাপ্ত কোম্পানি কমান্ডার স্বজল কুমার সরকার জানান, গোপন সংবাদে ওই এলাকায় অভিযান চালিয়ে জিয়াউর রহমানকে আটক করা হয়।

এসময় তার থেকে দুই কেজি গাঁজা উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে কুমারখালী থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করে তাকে পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে বলেও জানান র্যাবের এই কর্মকর্তা।

মেহেরপুরে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ১০ বোতল ফেন্সিডিল সহ আজিবর রহমান নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

সোমবার দিবাগত রাত ১২ টার দিকে এস আই মুক্ত রায় চৌধুরীর নেতৃত্বে অভিযান চালিয়ে মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক আজিবর রহমান মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের নজরুল ইসলামের ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, আসমাী আজিবর রহমানের বিরুদ্ধে মুজিবনগর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর ১০ বোতল ফেন্সিডিল সহ জুয়েল রানা নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

রবিবার দিবাগত রাতে এসআই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে গাংনী উপজেলার কাজীপুর গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক জুয়েল রানা কাজীপুর গ্রামের জিন্নাত আলীর ছেলে।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, আটক জুয়েল রানার বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।
মেপ্র/এমএফআর

মেহেরপুরে পৃথক অভিযানে দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে পৃথক অভিযানে মোহাম্মদ শামীম রেজা ও বকুল আলী নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। শনিবার দিবাগত রাতে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে সদর উপজেলার শ্যামপুর গ্রাম থেকে ৭ গ্রাম হেরোইন সহ মোহাম্মদ শামীম রেজাকে আটক করা হয়। আটক শামীম রেজা শ্যামপুর গ্রামের পাঞ্জাব মন্ডলের ছেলে।

অপর দিকে মেহেরপুর শহরের চক্রপাড়ায় অভিযান চালিয়ে বকুল আলী নামের আরও এক মাদক ব্যবসায়ীকে ২৫০শ গ্রাম গাঁজা সহ আটক করা হয়। আটক বকুল আলী চক্রপাড়ার সদর আলীর ছেলে।

মেহেরপুর ডিবি পুলিশের ওসি জুলফিকার আলীর বিষয়টি নিশ্চিত করে বলেন, আটক দুই আসামীর বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে বহিস্কৃত কারারক্ষী আলিমের সহযোগী সেন্টু আটক

মেহেরপুরে মাদক মামলার পলাতক আসামী মোহাম্মদ সেন্টু রহমানকে আটক করেছে মেহেরপুর ডিবি পুলিশ। বৃহস্পতিবার সন্ধায় গাংনী উপজেলার বামুন্দী এলাকা থেকে তাকে আটক করা হয়। গত মঙ্গলবার ইয়াবাসহ আটক হওয়া কারারক্ষী আব্দুল আলিম বিশ্বাস এর সহযোগী হিসেবে কাজ করতো সেন্টু। এসময় আব্দুল আলিম সহ পলাতক আসামী হিসেবে সেন্টুর নামে মেহেরপুর সদর থানায় একটি মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছিল। আটক সেন্টু গাংনীর চেরাগী গ্রামের মৃত সবগুল মন্ডলের ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, গত মঙ্গলবার আটক হওয়া কারারক্ষী আব্দুল আলিম এর সহযোগী হিসেবে কাজ করতো সেন্টু। জেলে থাকাকালিন সময়ে আব্দুল আলিম এর সাথে সক্ষ্য গড়ে ওঠে সেন্টুর। জেল থেকে বের হয়ে সেন্টুর সহযোগীতায় মাদকের সিন্ডিকেট গড়ে তুলেছিল আলিম। ওসি জুলফিকার আরও জানান, আটক সেন্টু বিরুদ্ধে এছাড়াও আরও ৭ টি মামলা রয়েছে।

মেপ্র/এমএফআর